

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫২২৯

আগরতলা, ১৭ ফেব্রুয়ারি, ২০২৬

ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের উদ্যোগে  
বাল্যবিবাহ প্রতিরোধে বিশেষ প্রচার গাড়ির সূচনা

বাল্যবিবাহ প্রতিরোধে রাজ্যব্যাপী সচেতনতা অভিযান জোরদার করতে ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের উদ্যোগে পশ্চিম ত্রিপুরা জেলায় বিশেষ প্রচারমূলক গাড়ির আনুষ্ঠানিক সূচনা করা হয়েছে। আজ মেলারমাঠস্থিত ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের কার্যালয় প্রাঙ্গণে তিনটি প্রচার গাড়ির পতাকা নেড়ে উদ্বোধন করেন ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা। এই কর্মসূচির আওতায় পশ্চিম ত্রিপুরা জেলার তিনটি মহকুমার মোট নয়টি ব্লকের প্রতিটি গ্রাম পঞ্চায়েত এলাকায়, বাজার, হাট ও বিভিন্ন জনসমাগমস্থলে গিয়ে বাল্যবিবাহ প্রতিরোধ সংক্রান্ত সচেতনতামূলক প্রচার চালানো হবে।

প্রথম দিনে একটি গাড়ি মোহনপুর ব্লকে, দ্বিতীয়টি বামুটিয়া ব্লকে এবং তৃতীয়টি ডুকলি ব্লকে প্রচার কার্যক্রম পরিচালনা করবে। প্রচার অভিযানের অংশ হিসেবে জনগণের মধ্যে লিফলেট ও তথ্যভিত্তিক সামগ্রী বিতরণ করা হবে। এই কর্মসূচির মূল উদ্দেশ্য হলো সাধারণ মানুষকে বাল্যবিবাহের কুফল, প্রযোজ্য আইন এবং শিশু অধিকার সংক্রান্ত বিভিন্ন বিষয়ে অবহিত করা। অনুষ্ঠানে কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা জানান, বাল্যবিবাহমুক্ত ত্রিপুরা গড়ে তুলতে গত ২৯ নভেম্বর ২০২৫ থেকে রাজ্যব্যাপী বিশেষ সচেতনতামূলক প্রচার অভিযান শুরু হয়েছে। যা আগামী ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস পর্যন্ত চলবে। তিনি জানান, আইন অনুযায়ী মেয়েদের বিবাহের ন্যূনতম বয়স ১৮ বছর এবং ছেলেদের ক্ষেত্রে ২১ বছর। এর কম বয়সে বিবাহ দেওয়া আইনতঃ দণ্ডনীয় অপরাধ। তিনি আরও বলেন, ২০২৯ সালের মধ্যে বাল্যবিবাহের হার ৫ শতাংশের নিচে নামিয়ে আনা এই অভিযানের লক্ষ্য। আগামী ২৩ ফেব্রুয়ারি থেকে বিভিন্ন চা-বাগান ও জনবহুল এলাকায় পথ নাটিকার মাধ্যমে সচেতনতা কর্মসূচি শুরু হবে। সামাজিক এই ব্যাধি নির্মূলে সাধারণ মানুষের সক্রিয় অংশগ্রহণ অপরিহার্য বলেও তিনি উল্লেখ করেন। এদিনের উদ্বোধনী অনুষ্ঠানে ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণা দেববর্মা, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের অধিকর্তা তপন কুমার দাস, পশ্চিম ত্রিপুরা জেলার তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহ অধিকর্তা অমৃত দেববর্মা সহ অন্যান্য বিশিষ্টজন উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*